158

দৈনিক সংবাদ

তারিখ 21 APR 1998
পৃষ্ঠা ৭ কলাম ৪

# এসএসসি ঃ টাঙ্গাইলে একটি কেন্দ্রই বাতিল

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল সোমবার এসএসসি পরীক্ষার চতুর্থ দিনে বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশে প্রায় ১১শ' পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। ব্যাপক অনিয়মের অভিযোগে টাঙ্গাইলের মির্জাপুরে একটি কেন্দ্র বাতিল করা হয়েছে।

বহিষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা বোর্ডে ২শ' ৬, রাজশাহীতে ৬শ' ৫৮, যশোরে ১শ' ৭, কুমিল্লায় ৪৫ এবং চট্টগ্রামে ১শ' ২৫ জন রয়েছে।

ঢাকা বোর্ডে ৮টি জেলায় ২শ' ৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এদের মধ্যে নারায়ণগঞ্জে ৯, টাঙ্গাইলে ৫৩, ময়মনসিংহে ১৪, শেরপুরে ২৫, নেত্রকোনায় ৬৮, ফরিদপুরে ১২, গোপালগঞ্জে ১৪, শরীয়তপুরে ১১ জন পরীক্ষার্থী রয়েছে।

টাঙ্গাইল ঃ পৃঃ ১২ কঃ ৩

## টাঙ্গাইল ঃ কেন্দ্র বাতিল

(১ম পৃষ্ঠার পর)

রাজশাহী বোর্ডে ১৩টি জেলায় ৬শ' ৫৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এদের মধ্যে রাজশাহীতে ৬৫, কুড়িগ্রামে ৫২, গাইবান্ধায় ৫৯, পঞ্চগড়ে ২৪, পাবনায় ১৯, ঠাকুরগাঁয়ে ১৮, নাটোরে ৪, নওগাঁয় ১৪, চাপাইনবাবগঞ্জে ৩৯, সিরাজগঞ্জে ৪০, বগুড়ায় ৮৮, লালমনিরহাট ও নীলফামারীতে ২শ' ৫ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

যশোর বোর্ডে ৯টি জেলায় ১শ' ৭ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। এদের মধ্যে পটুয়াখালীতে ৩, বরিশালে ২৭, পিরোজপুরে ২, কুষ্টিয়ায় ৫৯, চুয়াডাঙ্গায় ৮, মেহেরপুরে ৫, যশোরে ১, খুলনায় ১ জন পরীক্ষার্থী রয়েছে।

চট্টগ্রাম জেলায় ৫৫, রাঙ্গামাটিতে ১২ এবং কক্সবাজারে ২৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এছাড়া কুমিল্লা জেলায় ৪৫ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

মির্জাপুর (টাঙ্গাইল) থেকে নিজস্ব সংবাদদাতা ঃ চলতি এসএসসি পরীক্ষার শুরু থেকেই মির্জাপুর থানার জামুর্কী হাইস্কুল কেন্দ্রে ব্যাপক অনিয়ম হওয়ায় গত রোববার পরীক্ষাশেষে ওই কেন্দ্রটি বাতিল ঘোষণা করা হয়েছে।

মির্জাপুর থানার বিভিন্ন এলাকার ১১টি স্কুলের ৮শ' ৯৫ জন পরীক্ষার্থী ওই কেন্দ্রে পরীক্ষা দিচ্ছিল। টাঙ্গাইল জেলা প্রশাসক আবদুস সাত্তার খানের নির্দেশে থানা নির্বাহী কর্মকর্তা আবদুল জলিল গতকাল সোমবার থেকে ওই কেন্দ্রের পরীক্ষার্থীদের পরবর্তী পরীক্ষাগুলো থানা সদরে নেয়ার ব্যবস্থা করেছেন।